গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
হরিণাকুণ্ড, ঝিনাইদহ।
www.food.harinakundu.jhenaidah.gov.bd

স্মারক নম্বর: ১৩.০৫.৪৪১৪.০০৮.১৬.০০১.২৫-৪৬৯ তারিখ: ০৩/০৭/২০২৫ খ্রি.

**ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা হরিণাকুণ্ডু পৌরসভা এলাকার সকল খাদ্যশস্যের লাইসেন্সধারী ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পৌরসভার নিম্নবর্ণিত বিক্রয়কেন্দ্রসমূহে ওএমএস কার্যক্রম পরিচালনার লক্ষ্যে মোট ০৬ (ছয়) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী খাদ্যশস্য ব্যবসায়ীগণকে নির্ধারিত আবেদনপত্র পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী **১৭ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ, বিকাল ৫.০০ টার মধ্যে** নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ-এর দরপত্র বাক্সে মুখবন্ধ খামে স্ব-শরীরে জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিক্রয়কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিক্রয় কেন্দ্রের নাম |
|---|---|
| ০১ | আমের চারা পানের হাট এলাকা |
| ০২ | হাসপাতাল মোড় এলাকা |
| ০৩ | হরিণাকুণ্ডু বাজার এলাকা |

| ক্র. নং | বিক্রয় কেন্দ্রের নাম |
|---|---|
| ০৪ | উপজেলা মোড় এলাকা |
| ০৫ | পার্বতীপুর বাজার এলাকা |
| ০৬ | চটকাবাড়ীয়া প্রাথমিক বিদ্যালয় এলাকা |

ওএমএস নীতিমালা মোতাবেক ডিলার নিয়োগে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রযোজ্য হবে।

**ডিলারশিপের জন্য প্রযোজ্য যোগ্যতা ও শর্তাবলি:**

১. আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ও বয়স ১৮ বছরের উর্ধ্বে হতে হবে।
২. পৌরসভার ট্রেড লাইসেন্সধারী খাদ্যশস্য (ধান, চাল, গম, আটা, চিনি, ভোজ্যতেল, সয়াবিন, পামওয়েল, ডাল) ব্যবসায়ী হতে হবে।
৩. আবেদনকারীর বৈধ ফুড গ্রেইন লাইসেন্স থাকতে হবে।
৪. ন্যূনতম ০৩ (তিন) মেট্রিক টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী নিজস্ব বা ভাড়াকৃত গুদাম থাকতে হবে।
৫. যথাযথভাবে মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
৬. সরকার নির্ধারিত বিক্রয়স্থানে নিজস্ব ব্যবস্থাপনায় খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
৭. খাদ্য অধিদপ্তর কর্তৃক পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত, কিংবা অন্য কোনো কারণে বাতিল হওয়া ডিলার/মিলার/ঠিকাদার আবেদন করতে পারবেন না।
৮. খাদ্য অধিদপ্তরের সঙ্গে নিয়ন্ত্রণাধীন পরিবহন ঠিকাদার/শ্রম ঠিকাদার/মিলার কিংবা খাদ্যবান্ধব ডিলার বা তাদের নির্ভরশীল কেউ আবেদন করতে পারবেন না।
৯. প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা, কর্মচারী বা নির্বাচিত জনপ্রতিনিধি আবেদন করতে পারবেন না।
১০. ডিলারশিপ প্রাপ্ত ব্যক্তি “নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোনো ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” - এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এর ব্যত্যয় ঘটলে উভয় ডিলারের লাইসেন্স বাতিল হবে।
১১. ডিলারশিপ হস্তান্তরযোগ্য নয়।
১২. আবেদনকারী বা তার প্রতিনিধির স্মার্টফোন/ডিভাইস থাকতে হবে এবং নির্ধারিত অ্যাপ ব্যবহার করতে সক্ষম হতে হবে।
১৩. খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন।

**আবেদনের প্রক্রিয়া ও শর্তাবলি:**

১. নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) **"১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায়"** কোডে ব্যাংকে চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের কপি দাখিল করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় থেকে আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
২. ওএমএস ডিলার নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৩. আবেদনপত্রের খামের উপর প্রস্তাবিত বিক্রয়কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে।
৪. নির্বাচিত ডিলারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

**আবেদনপত্রের সঙ্গে সংযুক্তিপত্র:**

১. সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি
২. ফুডগ্রেইন/খাদ্যশস্য লাইসেন্সের ফটোকপি
৩. ট্রেড লাইসেন্সের ফটোকপি
৪. ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র
৫. দোকান বা গুদামের মালিকানা দলিল/পর্চা বা ভাড়ার চুক্তিপত্রের ফটোকপি
৬. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
৭. নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি
৮. নির্ধারিত অঙ্গীকারনামা

০৩/০৭/২৫
(মোছা: মুনিরা আক্তার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।

ক নম্বর: ১৩.০৫.৪৪১৪.০০৮.১৬.০০১.২৫-৪৬৯ তারিখ: ০৩/০৭/২০২৫ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

১. জেলা প্রশাসক, ঝিনাইদহ।
২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝিনাইদহ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
৪. প্রশাসক, হরিণাকুণ্ডু পৌরসভা, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
৫. উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
৬. উপজেলা ......................কর্মকর্তা, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
৭. সম্পাদক,......................... সংবাদপত্র।
৮. নোটিশ বোর্ড, অত্র কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
৯. অফিস কপি।

০৩/০৭/২৫

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।